



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নম্বর-চুয়েট/ ভিসি অফিস/ সা: বি:/ ২৪৩৩


০৭ কার্তিক, ১৪৩১
২১ অক্টোবর, ২০২৪

-: বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের '০৯ ব্যাচের ছাত্র প্রকৌশলী তানজিল জাহান ইসলাম (তামিম)-কে হত্যার প্রতিবাদে এবং হত্যায় জড়িতদের গ্রেফতারপূর্বক আইনানুগ শাস্তির দাবিতে এক মানববন্ধন ও সমাবেশ আগামীকাল ২২ অক্টোবর, ২০২৪ খ্রি: মঙ্গলবার, বেলা ১২:৪৫ ঘটিকায় প্রশাসনিক ভবন-২ (উপাচার্য অফিস) এর সম্মুখে অনুষ্ঠিত হবে।

অত্র বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের জরুরি প্রশাসনিক ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. সুদীপ কুমার পাল মহোদয়-এর উপস্থিতিতে অনুষ্ঠিতব্য এই কর্মসূচিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

অন্তর্বর্তীকালীন দায়িত্বপ্রাপ্ত মহোদয়ের অনুমোদনক্রমে-



২০/১০/২০২৪

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হামায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে)

- ১। সকল ডীন/ ইনস্টিটিউট পরিচালক/ বিভাগীয় প্রধান/ রেজিস্ট্রার/ পরিচালক/ প্রভোস্ট/ অফিস প্রধান/ শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর অফিস, বিভাগ ও শাখায় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লিখিত সময়ে উক্ত স্থানে সাউন্ড সিস্টেম এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (উক্ত কর্মসূচিতে উপস্থিত হয়ে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনার অনুরোধ সহকারে)।
- ৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি/স্টাফ এসোসিয়েশন, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব, চুয়েট।
- ৬। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, চুয়েট (উক্ত কর্মসূচি বিভিন্ন মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৮। পিও টু রেজিস্ট্রার, চুয়েট (রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। সকল বিজ্ঞপ্তি ফলক।
- ১০। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ ফজলুর রহমান)
উপ-পরিচালক (জনসংযোগ)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।